

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
পশ্চিম ইউরোপ ও ইউরোপীয়ান ইউনিয়ন শাখা
ঢাকা

নং-১৯.০০.০০০০.৪৫৫.৫২.৬০২.১৭/৪৭৭

তারিখ: ১৪ জুলাই ২০২৪

প্রাপক: জনাব কাজী রাসেল পারভেজ
মহাপরিচালক (পশ্চিম ইউরোপ ও ইউরোপীয়ান ইউনিয়ন অনুবিভাগ)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়: আগামী ২১-২৩ জুলাই ২০২৪ তারিখে স্পেনে এবং ২৪-২৬ জুলাই ২০২৪ তারিখে ব্রাজিলে মাননীয় প্রধানমন্ত্রীর সরকারি সফর সমাপনান্তে ঢাকায় ফিরতি পথে, লন্ডনে যাত্রা বিরতিকালীন সময়ে সফররত সরকারি প্রতিনিধিদলের সদস্য হিসেবে যোগদানের নিমিত্ত লন্ডন, যুক্তরাজ্যে সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি
মহোদয়,

আগামী ২১-২৩ জুলাই ২০২৪ তারিখে স্পেনে এবং ২৪-২৬ জুলাই ২০২৪ তারিখে ব্রাজিলে মাননীয় প্রধানমন্ত্রীর সরকারি সফর সমাপনান্তে ঢাকায় ফিরতি পথে, লন্ডনে যাত্রা বিরতিকালীন সময়ে সফররত সরকারি প্রতিনিধিদলের সদস্য হিসেবে যোগদান করতে আপনার অনুকূলে ২৫-২৮ জুলাই বা তার নিকটবর্তী তারিখে লন্ডন, যুক্তরাজ্যে সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছি।

২। উল্লিখিত মঞ্জুরির শর্তাবলি নিম্নরূপ:

- ক) উক্ত সফরের নিমিত্ত আপনি ২৫ জুলাই ২০২৪ তারিখ বা এর নিকটবর্তী সময়ে লন্ডন-এর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ২৮ জুলাই ২০২৪ তারিখ বা এর নিকটবর্তী সময়ে ঢাকার উদ্দেশ্যে লন্ডন ত্যাগ করবেন;
- খ) সফরকালীন আপনি সরকারি কাজে কর্মরত আছেন বলে গণ্য হবেন এবং বেতন-ভাতার কোনো অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- গ) আপনি কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না;
- ঘ) সফরের ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২৪-২৫ অর্থবছরের বাজেটের অর্থনৈতিক কোড '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়' থেকে সংকুলান করা হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরি আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত

(স্বাক্ষর)

(আহমেদ তন্ময় তাহসিন রাতুল)

জ্যেষ্ঠ সহকারী সচিব

ফোন: ০২৪৭১১০৬৪৬

ইমেইল: aseurope@mofa.gov.bd

অনুলিপিঃ (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ২। চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারি ভবন, সেগুনবাগিচা, ঢাকা
- ৩। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৪। দূতালয় প্রধান, বাংলাদেশ হাই কমিশন, লন্ডন, যুক্তরাজ্য
- ৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয় (পররাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা
- ৭। অফিস কপি

(স্বাক্ষর)

(আহমেদ তন্ময় তাহসিন রাতুল)

জ্যেষ্ঠ সহকারী সচিব